

যেই দিন আমি শহরের জন্য ঘর  
ছেড়ে গেলাম

The day I left home for the city

✍ Lesley Koyi, Ursula Nafula

✍ Brian Wambi

✍ Asma Afreen

💬 Bengali / English

📊 Level 3

(imageless edition)



আমার গ্রামের ছোট বাসস্টপটি মানুষ এবং অতিরিক্ত বোঝাই বাস দিয়ে ব্যস্ত হয়ে ছিল। মাটিতে আরও অনেক জিনিস ছিল যা বোঝাই করা বাকি ছিল। বাসের দালালরা তাদের বাসের গন্তব্যস্থানের নামগুলো চিৎকার করে বলছিল।

...

The small bus stop in my village was busy with people and overloaded buses. On the ground were even more things to load. Touts were shouting the names where their buses were going.

“শহর! শহর! পশ্চিমে যাই!” আমি একজন দালালকে চিৎকার করতে শুনলাম। ওই বাসটিই আমাকে ধরতে হবে।

...

“City! City! Going west!” I heard a tout shouting. That was the bus I needed to catch.

শহরের বাসটি প্রায় পূর্ণ ছিল, কিন্তু তবুও আরও মানুষ ঠেলাঠেলি করে উঠার চেষ্টা করছিল। কিছু লোক বাসের নিচে তাদের মালপত্র রেখেছিল। অন্যরা ভিতরের তাকে মালপত্র রেখেছিল।

...

The city bus was almost full, but more people were still pushing to get on. Some packed their luggage under the bus. Others put theirs on the racks inside.

নতুন যাত্রীরা টিকেট মুঠো করে ভিড়ের মাঝে বাসে  
কোথাও বসার জন্য জায়গা খুঁজছিল। মহিলারা  
তাদের ছোট বাচ্চাদের দীর্ঘ যাত্রা আরামদায়ক  
করার চেষ্টা করছিল।

...

New passengers clutched their tickets as  
they looked for somewhere to sit in the  
crowded bus. Women with young children  
made them comfortable for the long  
journey.

আমি একটি জানালার পাশে চাপাচাপি করে  
বসলাম। আমার পাশে বসা লোকটি একটি সবুজ  
প্লাস্টিকের থলে শক্ত করে ধরে ছিলেন। তিনি পুরনো  
স্যান্ডেল আর জীর্ণ কোট পরে ছিলেন এবং তাঁকে  
বিচলিত দেখাচ্ছিল।

...

I squeezed in next to a window. The  
person sitting next to me was holding  
tightly to a green plastic bag. He wore old  
sandals, a worn out coat, and he looked  
nervous.

আমি বাসের বাহিরে তাকিয়ে বুঝতে পেরেছিলাম যে  
আমি আমার গ্রাম ছেড়ে যাচ্ছি, যেখানে আমি বড়  
হয়েছি। আমি বড় শহরে যাচ্ছি।

...

I looked outside the bus and realised that  
I was leaving my village, the place where I  
had grown up. I was going to the big city.

মাল বোঝাই করা সম্পন্ন হল এবং সব যাত্রীরা সিটে বসল। ফেরিওয়ালারা তাদের সামগ্রী যাত্রীদের কাছে বিক্রি করার জন্য বাসে ঢুকতে তখনও ধাক্কা দিচ্ছিল। সবাই তাদের কাছে বিক্রির জন্য কি আছে তার নামগুলো চিৎকার করে বলছিল। শব্দগুলো আমার কাছে মজার শোনাচ্ছিল।

...

The loading was completed and all passengers were seated. Hawkers still pushed their way into the bus to sell their goods to the passengers. Everyone was shouting the names of what was available for sale. The words sounded funny to me.



কিছু যাত্রী পানীয় কিনল, অন্যরা হালকা জলখাবার কিনল এবং চিবোতে শুরু করল। যাদের কাছে আমার মত কোনও টাকাপয়সা ছিলনা, তারা শুধু তাকিয়ে দেখল।

...

A few passengers bought drinks, others bought small snacks and began to chew. Those who did not have any money, like me, just watched.

এই কার্যক্রমগুলো বাসের ভেঁপুর কারণে থেমে গেল, যার মানে ছিল যে বাস চলতে শুরু করবে। দালালরা চিৎকার দিয়ে ফেরিওয়ালাদের বের হতে বলল।

...

These activities were interrupted by the hooting of the bus, a sign that we were ready to leave. The tout yelled at the hawkers to get out.

ফেরিওয়ালারা একে অপরকে ধাক্কা দিয়ে নিজেদের  
বের হবার জন্য রাস্তা করছিল। কেউ কেউ যাত্রীদের  
তাদের পাওনা টাকা ফেরত দিচ্ছিল। অন্যরা শেষ  
মুহুর্তে আরও কিছু সামগ্রী বিক্রি করার চেষ্টা  
চালাচ্ছিল।

...

Hawkers pushed each other to make their  
way out of the bus. Some gave back  
change to the travellers. Others made last  
minute attempts to sell more items.

বাস বাসস্টপ ছাড়ার সাথে সাথেই আমি জানালা দিয়ে বাহিরে তাকালাম। আমি ভাবছিলাম আমি কি কখনো আবার আমার গ্রামে ফিরে যাব।

...

As the bus left the bus stop, I stared out of the window. I wondered if I would ever go back to my village again.

যাত্রা কিছুদূর অগ্রসর হলে, বাসের ভিতরে অনেক  
গরম হয়ে গেল। ঘুমের আশায় আমি আমার চোখ  
বুজলাম।

...

As the journey progressed, the inside of  
the bus got very hot. I closed my eyes  
hoping to sleep.

কিন্তু ঘরের চিন্তা আমার মনকে পিছনে তাড়িয়ে  
নিল। আমার মা কি নিরাপদে থাকবেন? আমার  
খরগোশগুলো কি কোনও টাকা নিয়ে আসবে?  
আমার ভাই কি মনে করে আমার গাছের  
চারাগুলোকে পানি দিবে?

...

But my mind drifted back home. Will my  
mother be safe? Will my rabbits fetch any  
money? Will my brother remember to  
water my tree seedlings?

পথে, আমি আমার চাচা বড় শহরের কোন জায়গায় থাকেন তা স্মরণ করছিলাম। আমি ঘুমিয়ে পড়বার সময়ও তা বিড়বিড় করছিলাম।

...

On the way, I memorised the name of the place where my uncle lived in the big city. I was still mumbling it when I fell asleep.

নয় ঘণ্টা পর, জোরে জোরে ঠকঠকানোর শব্দে এবং গ্রামে ফেরত যাচ্ছে যাত্রীদের জন্য আহ্বান শুনে আমার ঘুম ভাঙল। আমি আমার ছোট বুলিটি আঁকড়ে ধরলাম এবং লাফিয়ে বাস থেকে বের হলাম।

...

Nine hours later, I woke up with loud banging and calling for passengers going back to my village. I grabbed my small bag and jumped out of the bus.



ফেরত যাবার বাসটি খুব দ্রুত পূর্ণ হয়ে যাচ্ছিল।  
শীঘ্রই এটি আবার পূর্বের পথে পাড়ি দিবে। এখন  
আমার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল আমার  
চাচার বাড়ি খোঁজা শুরু করা।

...

The return bus was filling up quickly. Soon  
it would make its way back east. The most  
important thing for me now, was to start  
looking for my uncle's house.



# Storybooks Canada

[storybookscanada.ca](http://storybookscanada.ca)

যেই দিন আমি শহরের জন্য ঘর ছেড়ে গেলাম

## The day I left home for the city

Written by: Lesley Koyi, Ursula Nafula

Illustrated by: Brian Wambi

Translated by: (bn) Asma Afreen

This story originates from the African Storybook ([africanstorybook.org](http://africanstorybook.org)) and is brought to you by [Storybooks Canada](http://Storybooks Canada) in an effort to provide children's stories in Canada's many languages.



This work is licensed under a Creative Commons  
[Attribution 4.0 International License](http://creativecommons.org/licenses/by/4.0/).